

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিনের অফিসের ১টি শূন্য সেকশন অফিসার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারী/আধাসরকারী/বেসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসেবে ২ (দুই) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার পরিচালনা ও ব্যবহারের অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৮-০২-২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

